

বিশিষ্ট কলামিস্ট ইবি অধ্যাপক মুঈদ রহমান মারা গেছেন

ইসলামী
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

১১ সেপ্টেম্বর,
২০২৪ ২৩:১০

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

বিশিষ্ট কলাম লেখক ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) অর্থনীতি বিভাগের জ্যেষ্ঠ অধ্যাপক মুঈদ রহমান মারা গেছেন।

হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে বুধবার (১১ সেপ্টেম্বর) রাত ৯টার দিকে তার মৃত্যু হয়। বিশ্ববিদ্যালয়ের তথ্য, প্রকাশনা ও

জনসংযোগ দপ্তর বিষয়টি নিশ্চিত করেছে। তার মৃত্যুতে বিশ্ববিদ্যালয় পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

পারিবারিক সূত্রে জানা যায়, অধ্যাপক মুঈদ রাত সাড়ে ৮টার দিকে কুষ্টিয়ায় নিজ বাসায় অবস্থানকালে হঠাৎ বুকে ব্যথা শুরু হয়। পরে কুষ্টিয়া সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। চিকিৎসকের পক্ষ থেকে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যু হতে পারে বলে জানানো হয়েছে। বৃহস্পতিবার (১২ সেপ্টেম্বর) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের ফুটবল মাঠে তারা জানাজা অনুষ্ঠিত হবে।

কুষ্টিয়া সদর হাসপাতালের জরুরি বিভাগের দায়িত্বরত কর্মকর্তা নজরুল ইসলাম জানান, আমরা জরুরি বিভাগে তাকে মৃত অবস্থায় পেয়েছি। হাসপাতালে পৌঁছানোর আগেই তার মৃত্যু হয়েছে। জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. বেলাল আহমেদ তাকে মৃত ঘোষণা করেন।

অর্থনীতি বিভাগের সভাপতি অধ্যাপক ড. কাজী মোস্তফা আরিফ বলেন, অধ্যাপক মুঈদ আমাদের বিভাগের সিনিয়র অধ্যাপক ছিলেন।

তার মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত। আমরা আমাদের একজন অভিভাবককে হারালাম। দোয়া করি, আল্লাহ যাতে তার ভুলত্রুটি ক্ষমা করে জান্নাতুল ফেরদৌস দান করেন।